

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৬০২

১৯/ শিক্ষা-বিদ্যা, (জ্ঞান-বিজ্ঞান) (کتاب العلم)

পরিচ্ছেদঃ ৪১৫. ইলমের ফ্যীলত সম্পর্কে।

باب الْحَتِّ عَلَى طَلَبِ الْعِلْم

আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ دَاوُدَ، سَمِعْتُ عَاصِمَ بْنَ رَجَاءِ بْنِ حَيْوَةَ، يُحَدِّثُ عَنْ دَاوُدَ بْنِ جَمِيل، عَنْ كَثِيرِ بْنِ قَيْسٍ، قَالَ كُنْتُ جَالِسًا مَعَ أَبِي الدَّرْدَاءِ فِي مَسْجِدِ دِمَشْقَ فَجَاءَهُ رَجُلٌ فَقَالَ يَا أَبَا الدَّرْدَاءِ إِنِّي جِئْتُكَ مِنْ مَدينَةِ الرَّسُولِ صلى الله عليه وسلم مَا جِئْتُ عليه وسلم لِحَديثِ بَلَغَنِي أَنَّكَ تُحَدِّثُهُ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَا جِئْتُ لَا عَلَيه وسلم مَا جَئْتُ لِحَاجَةٍ . قَالَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ سَلَكَ طَرِيقًا لِحَاجَةٍ . قَالَ فَإِنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ سَلَكَ طَرِيقًا يَطْلُبُ فِيهِ عِلْمًا سَلَكَ اللَّهُ بِهِ طَرِيقًا مِنْ طُرُقِ الْجَنَّةِ وَإِنَّ الْمَلاَئِكَةَ لَتَضَعُ أَجْنِحَتَهَا رِضًا لِطَالِبِ الْعِلْمِ وَإِنَّ الْعَالِمِ عَلَى السَّمَوَاتِ وَمَنْ فِي الأَرْضِ وَالْحِيتَانُ فِي لِطَالِبِ الْعِلْمِ وَإِنَّ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَصْلُ الْقَمَرِ لَيْلَةَ الْبُدْرِ عَلَى سَائِرِ الْكَوَاكِب جَوْفُ الْمَاءِ وَرَثَةُ الْأَنْبِيَاءِ وَإِنَّ الْعَالِمِ عَلَى الْعَابِدِ كَفَصْلُ الْقَمَرِ لَيْلَةَ الْبُدْرِ عَلَى سَائِرِ الْكَوَاكِب وَإِنَّ الْعُلْمَاءَ وَرَثَةُ الْأَنْبِيَاءِ وَإِنَّ الْأَنْبِيَاءَ لَمْ يُورَبُّوا دِينَارًا وَلاَ دِرْهَمًا وَرَثُوا الْعِلْمَ فَمَنْ أَخَذَهُ أَخَذَ بِحَظٍ وَافِرِ " .

বাংলা

৩৬০২. মুসাদ্দাদ (রহঃ) কাছীর ইবন কায়স (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি দামেশকের মসজিদে আবৃ দারদা (রাঃ) এর নিকট বসে ছিলাম। এ সময় এক ব্যক্তি এসে বলেঃ হে আবৃ দারদা! আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর শহর মদীনা থেকে আপনার নিকট একটা হাদীছ শোনার জন্য এসেছি। আমি জানতে পেরেছি যে, আপনি উক্ত হাদীছটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। এছাড়া আর কোন কারণে আমি এখানে আসিনি।

তখন আবূ দারদা (রাঃ) বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ যে ব্যক্তি ইলম (কুরআন ও হাদীছের জ্ঞান) হাসিলের জন্য কোন রাস্তা অতিক্রম করে, আল্লাহ্ তাকে জান্নাতের রাস্তাসমূহের মধ্যে একটি রাস্তা অতিক্রম করান। আর ফেরেশতারা তালেবে-ইলম বা জ্ঞান অম্বেষণকারীর জন্য তাদের ডানা বিছিয়ে



দেন এবং আলিমের জন্য আসমান ও যমীনের সব কিছুই মাগফিরাত কামনা করে, এমনকি পানিতে বসবাসকারী মাছও তাদের জন্য ক্ষমা প্রার্থনা করে।

আর আবিদের উপর আলিমের ফযীলত এরূপ, যেরূপ পূর্ণিমার রাতে চাঁদের ফযীলত সমস্ত তারকারাজির উপর। আর আলিমগণ হলেন, নবীদের ওয়ারিছ, এবং নবীগণ দীনার (স্বর্ণমুদ্রা) ও দিরহাম (রৌপ্যমুদ্রা) মীরাছ হিসাবে রেখে যান না, বরং তাঁরা রেখে যান-ইলম। কাজেই যে ব্যক্তি ইলম হাসিল করলো, সে প্রচুর সম্পদের মালিক হলো।

English

Narrated Kathir ibn Qays:

Kathir ibn Qays said: I was sitting with AbudDarda' in the mosque of Damascus.

A man came to him and said: AbudDarda, I have come to you from the town of the Messenger of Allah (ﷺ) for a tradition that I have heard you relate from the Messenger of Allah (ﷺ). I have come for no other purpose.

He said: I heard the Messenger of Allah () say: If anyone travels on a road in search of knowledge, Allah will cause him to travel on one of the roads of Paradise. The angels will lower their wings in their great pleasure with one who seeks knowledge, the inhabitants of the heavens and the Earth and the fish in the deep waters will ask forgiveness for the learned man. The superiority of the learned man over the devout is like that of the moon, on the night when it is full, over the rest of the stars. The learned are the heirs of the Prophets, and the Prophets leave neither dinar nor dirham, leaving only knowledge, and he who takes it takes an abundant portion.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন